

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৫৩

(كتاب الأقضية) विठात (كتاب

পরিচ্ছেদঃ ৩৯৫. ফয়সালার ব্যাপারে ইজতিহাদ করা।

# باب اجْتِهَادِ الرَّأْيِ فِي الْقَصْاءِ

#### আরবী

#### বাংলা

৩৫৫৩. হাফ্স ইবন উমার (রহঃ) ..... হিমসের কতিপয় অধিবাসী মু'আয ইবন জাবাল (রাঃ) এর সাথীদের থেকে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মু'আয (রাঃ)-কে যখন ইয়ামনের শাসনকর্তা নিয়োগ করে প্রেরণের ইচ্ছা করেন, তখন তিনি তাকে জিজ্ঞাসা করেনঃ তোমার কাছে যখন কোন মোকদ্দমা পেশ করা হবে, তখন তুমি কিরূপে তার ফয়সালা করবে? তিনি বলেনঃ আমি আল্লাহ্র কিতাব অনুসারে ফয়সালা করবো। এরপর নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞাসা করেনঃ যদি আল্লাহ্র কিতাবে এর কোন সমাধান না পাও? তখন মু'আয (রাঃ) বলেনঃ তবে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত অনুযায়ী ফয়সালা করবো। তিনি আবার জিজ্ঞাসা করেনঃ যদি তুমি রাসূলের সুন্নাতে এবং আল্লাহ্র কিতাবে এর কোন ফয়সালা না পাও? তখন তিনি বলেনঃ এমতাবস্থায় আমি চিন্তা-ভাবনার মাধ্যমে ইজতিহাদ করবো এবং এ ব্যাপারে কোনরূপ শৈথিল্য করবো না। একথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মু'আযের বুকে হাত মেরে বলেনঃ সমস্ত প্রশংসা আল্লাহ্র, যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর দূতকে এরূপ তাওফীক দিয়েছেন, যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সম্ভেষ্ট হয়েছেন।



### **English**

Some companions of Mu'adh ibn Jabal said:

When the Messenger of Allah (ﷺ) intended to send Mu'adh ibn Jabal to the Yemen, he asked: How will you judge when the occasion of deciding a case arises?

He replied: I shall judge in accordance with Allah's Book. He asked: (What will you do) if you do not find any guidance in Allah's Book? He replied: (I shall act) in accordance with the Sunnah of the Messenger of Allah (ﷺ).

He asked: (What will you do) if you do not find any guidance in the Sunnah of the Messenger of Allah (ﷺ) and in Allah's Book?

He replied: I shall do my best to form an opinion and I shall spare no effort.

The Messenger of Allah (ﷺ) then patted him on the breast and said: Praise be to Allah Who has helped the messenger of the Messenger of Allah to find something which pleases the Messenger of Allah.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন